# বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, ডাক বাক্স নং-২৪০, ঢাকা-১২০৭

ফোন নং: ৮৮-০২-২২২২১৮৪৬২
ফ্যাক্স নং: ৮৮-০২-২২২২১৮২১৫
ই-মেইল: info@baera. gov.bd
ওয়েবসাইট: www. baera.gov.bd


সূত্র নং: ৩৯.০৭.০০০০.০০০.০০১.০০৬.০০০৪.১৩.৭৭

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

**বিষয়: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ (বাপশনি) আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা-১৯৯৭ অনুযায়ী নির্ধারিত Radioactive Materials, Radiation Generating Equipment ব্যবহারকারী প্রতিষ্ঠানের ব্যবহারিক লাইসেন্স (নতুন/নবায়ন/সংশোধন), আমদানি-রপ্তানি লাইসেন্স (নতুন/নবায়ন/সংশোধন) এবং আমদানি/রপ্তানি পারমিটের সংশোধনী ফি পুনঃনির্ধারণ।**

১। বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা-১৯৯৭ এর বিধি-১০.৬ মোতাবেক এবং International Atomic Energy Agency (IAEA) এর Safety Standard অনুযায়ী Graded Approach অনুসরণে Category-৪ ও ৫ এর Radioactive Material (স্বল্প ঝুঁকিসম্পন্ন সোর্স) ও Radiation Generating Equipment এর ব্যবহারিক লাইসেন্স (নতুন/নবায়ন) এবং আমদানি-রপ্তানি লাইসেন্স (নবায়ন) এর মেয়াদ নিম্নরূপে নির্ধারণ করা হলো:

| ক্রমিক নং | ফ্যাসিলিটি বিবরণ | নতুন/নবায়নের মেয়াদকাল |
|---|---|---|
| ক) | তুলনামূলক কম বিকিরণ ঝুঁকি বিবেচনায় এবং IAEA এর Safety Standard অনুযায়ী Graded Approach এর অনুসরণে Radiation Generating Equipment [যেমন: Dental X-ray/OPG, Mobile/Hand Held X-ray, X-ray Fluorescence (XRF), X-ray Diffractometer (XRD), Luggage/Baggage/Body Scanner, Electron Capture Detector (ECD), Bone Mineral Densitometer (BMD) ইত্যাদি) সহ Category-৪ ও ৫* (তালিকা অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য) এর সমতুল্য বিকিরণ উৎপাদনকারী যন্ত্র/সোর্স (স্বল্প ঝুঁকিসম্পন্ন সোর্স) এর নতুন ব্যবহারিক লাইসেন্স প্রদান করা হবে। | সর্বোচ্চ ০২ (দুই) বছর (নতুন) |
| খ) | অনুচ্ছেদ-ক এ বর্ণিত বিকিরণ উৎস সমূহসহ অন্যান্য X-ray মেশিন কক্ষের Shielding ব্যবস্থা পানিবিনি বিধিমালা-১৯৯৭ এবং Regulatory Guide অনুযায়ী সন্তোষজনক হলে নির্ধারিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন করা হবে। **তবে বিশেষভাবে উল্লেখ্য যে, LINAC, Industrial X-ray for NDT, Security/Vehicle Scanner ইত্যাদি High Energy [150kV এর উর্ধ্বে] X-ray মেশিন এই আদেশের আওতামুক্ত থাকবে।** | সর্বোচ্চ ০৩ (তিন) বছর (নবায়ন) |
| গ) | তেজস্ক্রিয় পদার্থসহ সকল বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্র আমদানি রপ্তানি কার্যক্রম পরিচালনার জন্য নির্ধারিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে আমদানি-রপ্তানি লাইসেন্স (ঙ-শ্রেণি/E-Class) নবায়ন করা হবে। | সর্বোচ্চ ০৩ (তিন) বছর (নবায়ন) |
| ঘ) | শিক্ষা/গবেষণা/বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে ব্যবহৃত কম ঝুঁকি সম্পন্ন Radiation Source এর ব্যবহারিক লাইসেন্স নির্ধারিত নবায়ন ফি প্রদান সাপেক্ষে নবায়ন করা হবে। **উল্লেখ্য যে, Category-৪ ও ৫ এর অন্তর্ভুক্ত চিকিৎসাক্ষেত্রে ব্যবহৃত সোর্সের লাইসেন্স practice wise প্রদান করা হয় বিধায় এ ধরণের সোর্স এই আদেশের আওতামুক্ত থাকবে।** | সর্বোচ্চ ০৩ (তিন) বছর (নবায়ন) |

***Category 4 নির্ণয়ের নির্ধারিত সীমা: 1 > A/D ≥ 0.01 এবং Category 5 নির্ণয়ের নির্ধারিত সীমা: 0.01> A/D & A> exempt. এক্ষেত্রে, A= activity of the source; D=Dangerous value for the source as given in IAEA TECDOC-1344 and IAEA Safety Guide No. RS-G-1.9**

২। তেজস্ক্রিয় পদার্থের ব্যবহারিক লাইসেন্সে নতুন তেজস্ক্রিয় পদার্থ অন্তর্ভুক্তি করার ক্ষেত্রে উক্ত নতুন পদার্থের জন্য লাইসেন্স সংশোধনী ফি প্রদানপূর্বক নির্ধারিত ফরমে আবেদন করে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে পূর্বের লাইসেন্সে অন্তর্ভুক্তি করা যাবে।

৩। যেকোন বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্র কোন প্রতিষ্ঠানের এক শাখা থেকে অন্য শাখায় স্থানান্তরের ক্ষেত্রে পূর্বের লাইসেন্স হালনাগাদপূর্বক সমর্পণ করে নতুন শাখার জন্য লাইসেন্সের জন্য আবেদন করতে হবে।

৪। লাইসেন্সধারীর নাম বা প্রতিষ্ঠানের নাম বা ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে প্রতি ইউনিট বিকিরণ উৎপাদনক্ষম যন্ত্রের একক লাইসেন্স ফি এর অর্ধেক ফি প্রদান করতে হবে।

৫। একই প্রতিষ্ঠানের একাধিক লাইসেন্সের মেয়াদ উত্তীর্ণের তারিখ ডিসেম্বর ও জুন মেয়াদে পৃথক পৃথক থাকলে ০২ (দুই)টি মেয়াদের লাইসেন্সকে এক মেয়াদে একীভূত করার জন্য অতিরিক্ত ০৬ (ছয়) মাসের লাইসেন্স নবায়ন ফি (নবায়ন ফি এর ৫০%) প্রদান করে লাইসেন্সসমূহ একীভূত করা যাবে।

০৬। আমদানি/রপ্তানি পারমিট বা এনওসিতে সংশোধন অথবা মেয়াদ বৃদ্ধিকরণের ক্ষেত্রে পানিবিনি বিধিমালা ১৯৯৭-এর তফসিল ৭ অনুযায়ী প্রোফরমা ইনভয়েসে উল্লেখিত সি এন্ড এফ মুল্যের ২% হারে প্রযোজ্য পারমিট ফি এর ৫০% এবং তার ১৫% ভ্যাটসহ ফি প্রদান করে সংশোধিত পারমিট/এনওসি প্রাপ্তির জন্য আবেদন করতে হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ সংক্রান্ত পূর্বের অফিস আদেশ-২৩/২০২৩ রহিত করে জনস্বার্থে এ আদেশ জারি করা হলো এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

০৫/০৪/২০২৬


আইয়ুব আলী সেক
এডমিনিস্ট্রেটিভ অফিসার
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
ফোন: ৮৮-০২-২২২২১৮২৪৩


সূত্র নং: ৩৯.০৭.০০০০.০০০.০০১.০০৬.০০০৪.১৩.৭৭

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ

**বিতরণ/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

০১। পরিচালক, বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ, বাপশনিক, ঢাকা।
০২। সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী, বিকিরণ, পরিবহন ও বর্জ্য নিরাপত্তা বিভাগ, বাপশনিক, ঢাকা।
০৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি, বাপশনিক, ঢাকা (বাপশনিক এর ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
০৪। সংশ্লিষ্ট নথি।

**সদয় জ্ঞাতার্থেঃ**

০১। চেয়ারম্যান, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
০২। সদস্য, নিউক্লিয়ার সেফটি এবং কারিগরি (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
০৩। সদস্য, বিকিরণ নিরাপত্তা এবং পরিকল্পনা ও উন্নয়ন (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
০৪। সচিব, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।
০৫। অর্থ উপদেষ্টা, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ঢাকা।

**নতুন/নবায়নকৃত লাইসেন্স এর মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে IAEA এর Safety Standards অনুযায়ী বিবেচ্য Category 4 & 5 ভুক্ত Practice ও বিকিরণ উৎসের তালিকা**

| Category | Categorization of common practices | | Radionuclides usually used in this practice | Activity Ratio (A/D)* |
|---|---|---|---|---|
| 4 | Industrial gauges with moderate/low activity sources | Thickness Gauges | $^{85}$Kr, $^{90}$Sr, $^{241}$Am, $^{147}$Pm, $^{244}$Cm | 1 > A/D ≥ 0.01 |
| | | Fill-Level Gauges | $^{241}$Am, $^{137}$Cs, $^{60}$Co | |
| | | Moister/Density Gauge | $^{241}$Am-/Be, $^{137}$Cs, $^{226}$Ra, $^{252}$Cf | |
| | | Moister Detectors | $^{241}$Am-/Be | |
| | | Density Gauge | $^{137}$Cs | |
| | Bone densitometers | | $^{109}$Cd, $^{153}$Gd, $^{125}$I, $^{241}$Am | |
| 5 | X-ray fluorescence (XRF) devices | | $^{55}$Fe, $^{109}$Cd, $^{57}$Co | 0.01 > A/D and A > exempt |
| | Electron capture devices (ECD) | | $^{63}$Ni, $^{3}$H | |
| | Mossbauer spectrometry | | $^{57}$Co | |
| | Lighting Preventers | | $^{241}$Am, $^{226}$Ra, $^{3}$H | |

*The category of any source can be determined by dividing the existing activity (A) of the radionuclide by the appropriate 'D' value given in **IAEA TECDOC-1344** and **IAEA Safety Guide No. RS-G-1.9**

০৫/০৮/২০২৫

Aiub Ali Sheak
Administrative Officer &
PS to Chairman
Bangladesh Atomic Energy Regulatory Authority
Agargaon, Sher-E-Bangla Nagar, Dhaka-1207